গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.১১.০০৪.১৮.৮২৬

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪২৭
০৩ ডিসেম্বর ২০২০

বিষয়: **মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্থ দপ্তর/সংস্থার বিদ্যমান শূন্যপদ ও শূন্য পদ পূরণের সর্বশেষ অগ্রগতি।**

উপর্যুক্ত বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক-২ মহোদয়ের সভাপতিত্বে ০২ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত শূন্য পদ পূরণ সংক্রান্ত সভার নির্দেশনা এবং গত ১০ মার্চ ২০২০ ও ১২ মার্চ ২০২০ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত শূন্য পদ পূরণ বিষয়ে আলোচনা সভার সিদ্ধান্তসমূহের কার্যাবিবরণী এতৎসঙ্গে প্রেরণপূর্বক এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং অগ্রগতি প্রতিবেদন, যার সফট কপি ইমেইলে এবং হার্ডকপি এ বিভাগের প্রশাসন ও সংস্থাপন শাখায় আগামী ০৭ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।

৩-১২-২০২০
মোঃ শামসুল আলম
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৯৫৪৯১৩০
ইমেইল: sas_admin1@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :
১) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
২) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
৩) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
৪) ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
৫) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৬) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
৭) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী, ঢাকা।
৮) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৯) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
১০) সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, ঢাকা।
১১) সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ৫১-৫২, গ্রিন ডেল্টা এইমস টাওয়ার (১১ তলা), মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১২।
১২) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
১৫) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।
১৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
১৭) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
১৮) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
১৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
২০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
২১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
২২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ঢাকা।
২৪) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.১১.০০৪.১৮.৮২৬/১

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪২৭
০৩ ডিসেম্বর ২০২০

০৩ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩-১২-২০২০

মোঃ শামসুল আলম

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

DS (A)
সকল অধিভুক্ত প্রধান,
সংস্থা প্রধানকে কপি দিন।
আগামী ৭/১২/২০২০ তারিখের
মধ্যে রিপোর্ট দিতে বলুন।
০৩/১২/২০২০

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
উন্নয়ন-৩ অধিশাখা
www.shed.gov.bd

বিষয়: শূন্য পদ পূরণ সংক্রান্ত সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অদ্য ০২ ডিসেম্বর ২০২০ তারিখ বুধবার সকাল ১১: ০০ টায় এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের নির্দেশনায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বিভাগের শূন্য পদ পূরণ সংক্রান্ত সভায় অংশগ্রহণ করি (কপি সংযুক্ত)। সভায় মহাপরিচালক-২ সভাপতিত্ব করেন। উক্ত সভায় সচিব মহোদয়কে অবহিত করার জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়:

১। মুজিব বর্ষের মধ্যে এ বিভাগ এবং সকল দপ্তর/সংস্থার শূন্য পদ পূরণ করতে হবে;

২। শূন্য পদ পূরণ করার জন্য নিম্নরূপ সময় বেধে দেয়া হয়েছে;

ক) অধিদপ্তর/সংস্থাসমূহ এখন থেকে ৭ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবে;

খ) এ বিভাগ ১০ কার্যদিবসের মধ্যে সংস্থা/অধিদপ্তর-কে ছাড়পত্র প্রদান করবে;

গ) বিভাগের ছাড়পত্র প্রাপ্তির পর ১৫ কার্যদিবসের মধ্যে DPC সভা করবে;

ঘ) DPC সভার ১০ কার্যদিবসের মধ্যে বিজ্ঞপ্তি জারি করবে;

ঙ) বিজ্ঞপ্তির ৩০ কার্যদিবসের মধ্যে লিখিত পরীক্ষা শেষ করবে; ও

চ) লিখিত পরীক্ষার পর ৭ কার্যদিবসের মধ্যে নিয়োগ শেষ করতে হবে।

৩। যে সমস্ত পদ পূরণে নিয়োগ বিধির জটিলতা রয়েছে সে ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়:

ক) নিয়োগবিধি সংশোধন/তৈরি করে আগামী ১৫ দিনের মধ্যে বিভাগে খসড়া প্রস্তাব প্রেরণ করবে;

খ) বিভাগ পরবর্তী ১৫ কার্যদিবসের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য নিয়োগবিধির খসড়া প্রেরণ করবে;

গ) জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ করে ২০ কার্যদিবসের মধ্যে অনুমোদনের ব্যবস্থা করবে;

ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে অনুমোদন পাওয়ার ১০ কার্যদিবসের মধ্যে সচিব কমিটিতে প্রস্তাব প্রেরণ করবে;

ঙ) সচিব কমিটির অনুমোদন পাওয়ার পর ৭ কার্যদিবসের মধ্যে আইন মন্ত্রণালয়ে বিভাগ ভেটিং এর জন্য প্রস্তাব প্রেরণ করবে;

চ) আইন মন্ত্রণালয় হতে ২১ কার্যদিবসের মধ্যে যোগাযোগ করে ভেটিং নিয়ে আসবে; ও

ছ) নিয়োগবিধি ভেটিং এর পর ৭ কার্যদিবসের মধ্যে বিপিএসসি'তে সুপারিশের জন্য প্রস্তাব প্রেরণ করবে।

উপরোক্ত বিষয়ে তরান্বিত করার ক্ষেত্রে কোন সমস্যা হলে প্রয়োজনে প্রধানমন্ত্রীর কার্যালয়-কে অবহিত করলে তাঁরা ব্যবস্থা নিবেন।

৪। মামলার কারণে পদ পূরণ সম্ভব না হলে সে ক্ষেত্রে মামলা দ্রুত নিষ্পত্তি করার জন্য সলিসিটর উইং-এ যোগাযোগ করতে হবে।

৫। স্কুলের শূন্য পদ পূরণে কোন জটিলতা থাকলে তা বের করে প্রধানমন্ত্রীর কার্যালয়-কে অবহিত করবে, প্রয়োজনে তাঁরা ব্যবস্থা নিবেন।

৬। আইন মন্ত্রণালয়ে ভেটিং-এর জন্য সংশ্লিষ্ট বিষয় যদি থাকে তাহলে সে বিষয়ের তালিকা প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠাতে হবে। উক্ত কার্যালয় দ্রুত তরান্বিত করার জন্য ব্যবস্থা নিবে।

৭। পরবর্তী শূন্য পদ পূরণের অগ্রগতি সভা সংস্থা ও বিভাগ নিয়ে করবেন বলে সভায় জানানো হয়।

৮। ইহা মহোদয়ের অবগতির জন্য পেশ করা হলো।

২/১২/২০২০
(সৈয়দা নওয়ারা জাহান)
যুগ্মসচিব (উন্নয়ন-৩)
ফোন: ৯৫৬১৪৪১

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

৩৭.০০.০০০০.০৮৩.১৫.১২২.১৮-

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৭
০২ ডিসেম্বর ২০২০

অতি: সচিব (প্র: ও অ:) এর দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
03 DEC 2020
ডাইরী নং ২০৭৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

**বিষয়: মহাপরিচালক-২, প্রধানমন্ত্রীর কার্যালয়-এর সভাপতিত্বে শূন্য পদ পূরণ বিষয়ে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আজিজুর রহমান, মহাপরিচালক-২, প্রধানমন্ত্রীর কার্যালয়। |
| সভার তারিখ | : | ১০ মার্চ ২০২০ ও ১২ মার্চ ২০২০ |
| সময় | : | সকাল ১০.০০টা। |
| স্থান | : | প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৪র্থ তলাস্থ সভা কক্ষ (কক্ষ নং ৪০৪) । |
| উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মন্ত্রণালয়/বিভাগসমূহের শূন্যপদ পূরণে আইনগত জটিলতা না থাকলে উক্ত পদে নিয়োগের লক্ষ্যে ত্বরিত ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

২। সভাপতি পরিচালক-৭ ও ৮ শাখার কর্মপরিধিভুক্ত মন্ত্রণালয়সমূহের শূন্যপদ পূরণে গৃহীত ব্যবস্থা ও হালনাগাদ অগ্রগতির তথ্য সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপস্থিত কর্মকর্তাবৃন্দকে অনুরোধ জানান। কর্মকর্তাবৃন্দ মন্ত্রণালয়ভিত্তিক অগ্রগতির তথ্য সভাকে অবহিত করেন। উল্লেখ্য, ১০/০৩/২০২০ তারিখে আয়োজিত সভায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর উপযুক্ত প্রতিনিধি না থাকায় এবং অধিক সংখ্যক শূন্যপদের ব্যাপকতা এবং বিশেষ করে নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষকের শূন্যপদ অনতিবিলম্বে পূরণের লক্ষ্যে গুরুত্ব বিবেচনায় ১২/০৩/২০২০ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের উপযুক্ত প্রতিনিধি সমন্বয়ে আরও একটি সভা আহবান করা হয়। সভায় অগ্রগতি উপস্থাপনকালে দেখা যায়, গত সভার পর হতে এ পর্যন্ত বিভিন্ন মন্ত্রণালয়ে ৩০ হাজার ৯৮৪টি শূন্য পদের বিপরীতে নিম্নের ছকে উল্লিখিত পদসমূহের নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হয়েছে:

| ক্রম | মন্ত্রণালয়ের নাম | শূন্য পদের সংখ্যা | ছাড়পত্র প্রাপ্ত পদের সংখ্যা | নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদের সংখ্যা | লিখিত পরীক্ষায় গৃহীত পদের সংখ্যা | মৌখিক পরীক্ষায় গৃহীত পদের সংখ্যা | কার্যক্রম গ্রহণ করা হয়নি এরুপ শূন্য পদের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | ৩৫৮৭ | ৩৪ | ৬৪৭ | ৩৪ | ৩৪ | ২৯৪০ |
| ২. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | ১৪০০৪ | ২৭৯৪ | ৫৩৩৩ | ৪৫৬৮ | ৬১ | ৮৬৭১ |
| ৩. | তথ্য মন্ত্রণালয় | ১৫৭৪ | ১৬২০ | ৩৪৫ | ১৪৬ | - | ২৬৯৬ |
| ৪. | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ১১০৫ | ১৬৭ | ৫০ | ৫০ | - | ১১৭ |
| ৫. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ১৫২৯ | ৭৫৮<br>নিয়োগ কার্যক্রম | ৬৩৮<br>সিসিএ কার্যালয়, | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |

| ক্রম | মন্ত্রণালয়ের নাম | শূন্য পদের সংখ্যা | ছাড়পত্র প্রাপ্ত পদের সংখ্যা | নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদের সংখ্যা | লিখিত পরীক্ষায় গৃহীত পদের সংখ্যা | মৌখিক পরীক্ষায় গৃহীত পদের সংখ্যা | কার্যক্রম গ্রহণ করা হয়নি এরূপ শূন্য পদের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | এবং পদোন্নতি চলমান রয়েছে | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও ডিজিটাল নিরাপত্তা এজেন্সি কোন তথ্য নেই | | | |
| ৬. | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ৫১৭০ | ২৪৯৭ | ৯৯ | ১১৬১৭ | ৪১৩ | ৫০৯ |
| ৭. | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ৬৭০ | ৩২৪ | ২২৮ | ৬৪ | ৫৭ | ২৮৮ |
| ৮. | বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয় | ৩৩৪৫ | ১০৭২ | ২৩৩ | ১১০৭০ | ৫৯ | ২৬৬৫ |
| মোট | | ৩০ হাজার ৯৮৪ | | | | | |

৩। উপর্যুক্ত ছকে বর্ণিত তথ্যাদির ভিত্তিতে এবং বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(৩.১) প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ তাঁর অধীন সকল দপ্তরসংস্থা নিয়ে আগামী ১৯/০৩/২০২০ তারিখের মধ্যে সভা করে শূন্যপদ পূরণের পূর্ণাঙ্গ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন;

(৩.২) প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ শূন্যপদ পূরণ সংক্রান্ত উচ্চ আদালতে চলমান রীট মামলার বিষয়ে আগামী ২৫/০৩/২০২০ তারিখের মধ্যে আইন ও বিচার বিভাগের সাথে সভা করে মামলা নিষ্পত্তি ত্বরান্বিত করবে। এছাড়া মামলার তথ্য নির্ধারিত ছক (যেমন: মামলার নম্বর, পরবর্তী তারিখ ও সর্বশেষ অবস্থা ইত্যাদি প্রযোজনীয় তথ্য) মোতাবেক আগামী ২০/০৩/২০২০ তারিখের মধ্যে আইন ও বিচার বিভাগে প্রেরণ করবে।

(৩.৩) নিয়োগবিধি না থাকা অথবা সংশোধনজনিত কারণে যে সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে পারছে না সে সকল দপ্তর/সংস্থা আগামী ৩০/০৩/২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট খসড়া নিয়োগবিধি প্রশাসনিক মন্ত্রণালয়ের নিকট প্রেরণ করবে;

(৩.৪) কোন প্রশাসনিক মন্ত্রণালয় অধিদপ্তর/দপ্তর/সংস্থা থেকে খসড়া নিয়োগবিধি প্রাপ্তির ১৪ দিনের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবে;

(৩.৫) প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের নিয়োগের ছাড়পত্র সংক্রান্ত যেসকল বিষয় পেন্ডিং আছে সেগুলো দ্রুত নিষ্পত্তির জন্য জরুরি ব্যবস্থা গ্রহণ করতঃ আগামী ৩০/০৩/২০২০ তারিখের মধ্যে নিয়োগের ছাড়পত্র সংক্রান্ত বিষয়সমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে;

(৩.৬) প্রশাসনিক মন্ত্রণালয়ে অধিদপ্তর/দপ্তর/সংস্থা থেকে প্রাপ্ত ছাড়পত্রের আবেদন আগামী ৩০/০৩/২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করবে;

(৩.৭) যে সকল মন্ত্রণালয়/বিভাগ এখন পর্যন্ত কোন শূন্যপদের নিয়োগ কার্যক্রম শুরু করেনি তারা আগামী ২০/০৩/২০২০২ তারিখের মধ্যে নিয়োগ কার্যক্রম শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(৩.৮) আগামী ০৫/০৪/২০২০ তারিখের মধ্যে ডিপিসি সভা আহবান করে শূন্য পদের বিপরীতে পদোন্নতির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৩.৯) যে সকল শূন্য পদের বিপরীতে পদোন্নতির ক্ষেত্রে সংশ্লিষ্ট ফিডার পদধারীর যোগ্যতা অর্জন সাপেক্ষে দ্রুত ডিপিসি'র সভা আহবান করে পদ পূরণের ব্যবস্থা করতে হবে।

(৩.১০) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্কুলের অনুমোদিত শূন্য পদের স্তর ভিত্তিক মোট সংখ্যাসহ শূন্য পদ পূরণের প্রতিবন্ধকতা সংশ্লিষ্ট প্রতিবেদন আগামী ০৪ (চার) কার্যদিবসের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(৩.১১) শিক্ষা প্রকৌশল অধিদপ্তর-এর ১৭৪৮ শূন্য পদের ব্রেকআপসহ শূন্য পদ পূরণের সময়াবদ্ধ একটি পরিকল্পনা প্রণয়নপূর্বক আগামী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আজিজুর রহমান)
মহাপরিচালক-২